

# **া** সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৮

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ৪. কিবলামুখী হয়ে পেশাব পায়খানা করা মাকরূহ

باب كَرَاهِيَةِ اسْتِقْبَالِ الْقِبْلَةِ عِنْدَ قَضَاءِ الْحَاجَةِ

### আরবী

حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ مُحَمَّدِ النُّفَيْلِيُّ، حَدَّثَنَا ابْنُ الْمُبَارَكِ، عَنْ مُحَمَّدِ بْنِ عَجْلَانَ، عَنِ اللهِ عليه الْقَعْقَاعِ بْنِ حَكِيمٍ، عَنْ أَبِي صَالِحٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ: قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم " إِنَّمَا أَنَا لَكُمْ بِمَنْزِلَةِ الْوَالِدِ أُعَلِّمُكُمْ، فَإِذَا أَتَى أَحَدُكُمُ الْغَائِطَ، فَلَا يَسْتَقْبِلِ الْقِبْلَة، وَلَا يَسْتَطْبِ بِيَمِينِهِ " . وَكَانَ يَأْمُنُ بِثَلَاثَةِ أَحْجَارٍ، وَيَنْهَى عَنِ الرَّوْتِ وَالرَّمَّةِ . وَالرَّمَّةِ .

حسن : م بعضه

### বাংলা

৮। আবৃ হুরাইরাহ্ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আমি তোমাদের জন্য পিতৃতুল্য, তোমাদেরকে আমি দ্বীন শিক্ষা দিয়ে থাকি। তোমাদের কেউ পায়খানায় গেলে কিবলামুখী হয়ে বসবে না এবং কিবলার দিকে পিঠ দিয়েও বসবে না, আর ডান হাতে শৌচ করবে না। তিনি তিনটি ঢিলা ব্যবহারের নির্দেশ দিতেন এবং গোবর ও হাডিড দ্বারা শৌচ করতে নিষেধ করতেন [1]।

হাসান; এর অংশ বিশেষ মুসলিমে আছে।

## **English**

#### Narrated Abu Hurairah:

The Apostle of Allaah (sal Allaahu alayhi wa sallam) as saying: I am like father to you. When any of you goes to privy, he should not face or turn his back towards the qiblah. He should not cleanse with his right hand. He (the Prophet, sal Allaahu alayhi wa sallam) also commanded the Muslims to use three stones and forbade them to use dung or decayed bone.



### ফুটনোট

[1] মুসলিম (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ পবিত্রতা অর্জন করা) সংক্ষেপে সুহাইল সনদে কা'কা' থেকে। নাসায়ী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ গোবর দিয়ে পবিত্রতা অর্জন করা নিষেধ, হাঃ ৪০) ইয়াহইয়া ইবনু সাঈদ সনদে মুহাম্মাদ ইবনু 'আজলান থেকে, ইবনু মাজাহ (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ পাথর দ্বারা ইস্তিনজা করা এবং গোবর ও ঘোড়া-গাধার মল দ্বারা ইস্তনজা না করা, হাঃ ৩১৩) সুফয়ান ইবনু 'উআইনাহ সনদে ইবনু 'আজলান থেকে, আহমাদ (২/২৪৭, ২৫০) ইবনু 'আজলান সূত্রে দারিমী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ পাথর দিয়ে ইস্তিনজা করা, হাঃ ৬৭৪) ইবনু 'আজলান সূত্রে, সহীহ ইবনু খুযাইমাহ (অধ্যায়ঃ উযু, অনুঃ তিনটির কম পাথর দ্বারা পবিত্রতা অর্জন করা নিষেধ, হাঃ ৮০)। প্রত্যেকেই ইবনু 'আজলান সূত্রে, এবং উভয়ে (অর্থাৎ সুহাইল ও ইবনু 'আজলান) কা'কা' সূত্রে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন